



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/ ৭৭৪/৪/টাংগাইল-৭১

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৭  
০৯ মার্চ ২০২১

বিষয় : রসুলপুর শামসুল আলম দাখিল মাদ্রাসার অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর জনাব মো: শাহানুর আলম স্বপদে পুনর্বহাল ও মাদ্রাসার সুপারকে কারণ দর্শানো প্রসঙ্গে

সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং-বামাশিবো/সংস্থাপন/৪২৪/৬; তারিখ: ২৩.০৪.২০১৮ খ্রি।  
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং-বামাশিবো/সংস্থাপন/৪৩৪/৬; তারিখ: ১৮.০৯.২০১৮ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে টাংগাইল জেলার ঘাটাইল উপজেলাধীন রসুলপুর শামসুল আলম দাখিল মাদ্রাসার অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর জনাব মো: শাহানুর আলমকে আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক স্বপদে পুনর্বহাল করার জন্য ম্যানেজিং কমিটির সভাপতি ও মাদ্রাসার সুপারকে সূত্রোক্ত ১ নং স্মারকে পত্র দেয়া হয়। সূত্রোক্ত ১ নং স্মারক পত্রের সিদ্ধান্ত বাস্তবায়ন না করায় আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন পূর্বক জনাব মো: শাহানুর আলমকে স্বপদে পুনর্বহাল করে ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য সূত্রোক্ত ২ নং স্মারকে পুনরায় পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে অদ্যাবধি তাকে পুনর্বহাল করা হয়নি মর্মে জনাব মো: শাহানুর আলম বোর্ডকে অবহিত করেন।

বর্ণিত অবস্থায় (ক) আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ২৭.০২.২০১৮ খ্রি. তারিখের সিদ্ধান্ত মোতাবেক পত্র জারির পর থেকে জনাব মো: শাহানুর আলম রসুলপুর শামসুল আলম দাখিল মাদ্রাসার অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর হিসাবে স্বপদে দায়িত্ব পালন করবেন।

(খ) বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন না করায় কেন সুপারের বিরুদ্ধে এমপিও বন্ধের সুপারিশসহ বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার সন্তোষজনক জবাব ১৫ (পনের) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
০৯/০৩/২০


রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

সুপার,  
রসুলপুর শামসুল আলম দাখিল মাদ্রাসা  
পো: দড়িহাতীল, ঘাটাইল, টাংগাইল।

নং-বামাশিবো/প্রশা/ ৭৭৪/৪/টাংগাইল-৭১

  
০৯/০৩/২০২০


তারিখ: ২৪

ফাল্গুন ১৪২৭

০৯ মার্চ ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০;
২. জেলা প্রশাসক, টাংগাইল;
৩. জেলা শিক্ষা অফিসার, টাংগাইল;
৪. উপজেলা নির্বাহী অফিসার, ঘাটাইল, টাংগাইল;
৫. উপজেলা শিক্ষা অফিসার, ঘাটাইল, টাংগাইল;
৬. ম্যানেজার, সোনালী/অগ্রণী/রূপালী/জনতা ব্যাংক, ..... শাখা, ঘাটাইল, টাংগাইল;
৭. জনাব মো: শাহানুর আলম, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, রসুলপুর শামসুল আলম দাখিল মাদ্রাসা।
৮. পিও টু চেয়ারম্যান/পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd